



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৫ অক্টোবর ২০১৭খ্রি.

### চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর উদ্যোগে বিশ্ব বসতি দিবস পালিত শহর এবং গ্রামের প্রতিটি জনবসতিতে নানাবিধ সমস্যা ও বৈষম্য বিবাজমান

---মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, শহর এবং গ্রামের প্রতিটি জনবসতিতে নানাবিধ সমস্যা ও বৈষম্য বিবাজমান। মানব উন্নয়নের মাপকাঠি বিবেচনায় দেশের সর্বত্র সবার জন্য পরিকল্পিত, স্বাস্থ্যকর ও নিরাপদ আবাসন মৌলিক অধিকারের অংশ। তিনি বলেন, প্রাকৃতিক দুর্যোগ সহ নানাবিধ কারণে বাসস্থান হারানো মানুষের সংখ্যা বেড়ে যায়। তারা শহরের বসতি এবং নিঃশেষ আয়ের অঞ্চলে আশ্রয় গ্রহণ করে। দেশের অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পাচ্ছে। ফলে দারিদ্রের হার ধীরে ধীরে কমছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জনকল্যাণমুখী কার্যক্রমের কারণে দেশ দ্রুত এগিয়ে যাচ্ছে। মৌলিক অধিকার বাসস্থানের জন্য সরকারের পাশাপাশি ভুক্তভোগীদেরকেও জীবনমান উন্নয়নে সজাগ ও সচেতন হতে হবে। বিশ্ব বসতি দিবস-২০১৭ উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর যৌথ উদ্যোগে ৫ অক্টোবর ২০১৭ খ্রি. সকালে নগরভবনের বঙ্গবন্ধু চত্বর থেকে র্য়ালী বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে মেয়র বাসভবনে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। আলোচনা সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব মোহাম্মদ আবুল হোসেন। তিনি র্য়ালীও উদ্বোধন করেন। এতে আলোচনা করেন প্রধান স্থপতি এ কে এম রেজাউল করিম, ইউএনডিপি'র টাউন ম্যানেজার ড. সোহেল ইকবাল, ব্র্যাক এর আঞ্চলিক সমন্বয়কারী মো. শামীম আল মামুন, অফিসার মো. রশিদুল ইসলাম সহ অন্যান্য। র্য়ালী ও আলোচনা সভায় নানা শ্রেণী ও পেশার নাগরিকবৃন্দ অংশগ্রহণ করেন।

চট্টগ্রাম- ৫ অক্টোবর ২০১৭খ্রি.

### প্রবারণা পূর্ণিমা উপলক্ষ্যে সিটি মেয়রের সাথে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর বৌদ্ধ ধর্মীয় কর্মকর্তা ও কর্মচারীদের সৌজন্য সাক্ষাৎ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ধর্ম-কর্ম ও ধর্মীয় আচার অনুষ্ঠান সম্পাদনে বাংলাদেশে পূর্ণ স্বাধীনতা রয়েছে। ধর্ম পালনের ক্ষেত্রে রাষ্ট্র উদার। তিনি বৌদ্ধ ধর্ম সহ সকল ধর্মের নাগরিকদের স্বাধীনভাবে ধর্মীয় আচার-অনুষ্ঠান উৎসবের সাথে সম্পাদনের আহবান জানান। মেয়র বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ঘোষণা হলো “ ধর্ম যার যার উৎসব সবার”। এ নীতিতে বাংলাদেশ বিশ্বাসী। এদেশে সাম্প্রদায়িক সম্প্রীতির বন্ধন আবহমানকাল থেকে অটুট রয়েছে। মেয়র প্রবারণা পূর্ণিমা উৎসব স্বাধীনভাবে উদযাপন করায় বৌদ্ধ সম্প্রদায়ের সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। ৫ অক্টোবর ২০১৭ খ্রি. সন্ধ্যায় মেয়রের আন্দরকিল্লাস্থ বাসভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর বৌদ্ধ ধর্মীয় কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ সৌজন্য সাক্ষাতে গেলে মেয়র এসব কথা বলেন। প্রবারণা পূর্ণিমা উপলক্ষে এ সাক্ষাতে ডা. প্রীতি বড়ুয়া, প্রকৌশলী অসিম বড়ুয়া, রুবেল বড়ুয়া, প্রধান শিক্ষক সুমেত তাপস বড়ুয়া, অনুপম বড়ুয়া অপু, সুবেন্দু বড়ুয়া, বিক্রম বড়ুয়া, জিতু প্রিয় বড়ুয়া, মান্না বড়ুয়া, রিপন বড়ুয় সহ বৌদ্ধ ধর্মীয় কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৫ অক্টোবর ২০১৭খ্রি.

## বাগমনিরাম আবদুর রশিদ সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয় পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সভাপতিত্বে ৫ অক্টোবর ২০১৭ খ্রি. সন্ধ্যায় মেয়রের আন্দরকিল্লাস্থ বাসভবনে বাগমনিরাম আবদুর রশিদ সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয় পরিচালনা কমিটির ৫ম সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সদস্য সচিব টিংকু ভৌমিক, সদস্য মির্জা মোহাম্মদ মুনছুরুল হক, মোহাম্মদ গোলাম কিবরিয়া, অরুন কুমার আচার্য্য, উম্মে সালমা সহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিগত কমিটির কার্যবিবরণী পাঠ ও অনুমোদন, ২০১৬ সনের আয়-ব্যয় হিসাব এবং ২০১৭ সালের বাজেট অনুমোদন, জানুয়ারি'১৭ থেকে জুন'১৭ তারিখ পর্যন্ত অত্র বিদ্যালয়ের বিবিধ খরচ অনুমোদন, বিদ্যালয় ভবনের সংস্কার এবং অত্র বিদ্যালয়ের কৃতি শিক্ষার্থী সংবর্ধনা, বার্ষিক পুরস্কার বিতরণ এবং বিদ্যালয় বার্ষিকী প্রকাশের সিদ্ধান্ত সহ শিক্ষার গুণগত মান উন্নয়ন সহ বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

**সংবাদদাতা**

**মো. আবদুর রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**